141

দৈনিক জনকণ্ঠ

তারিখ 07 FEB 1998
পৃষ্ঠা ৩ কলাম ৬

# বদলির সুস্পষ্ট নীতিমালা নেই ॥ সরকারী কলেজ শিক্ষকদের মধ্যে ক্ষোভ

জনকণ্ঠ রিপোর্ট

বদলি সংক্রান্ত বিষয় কার্যকর ও সুস্পষ্ট নীতিমালা না থাকায় সরকারী কলেজ শিক্ষকদের মধ্যে চরম ক্ষোভ ও অসন্তোষ বিরাজ করছে। রাজধানীতে দু'শতাধিক সরকারী কলেজ শিক্ষক একই কলেজে বা রাজধানীর মধ্যে ত্রিশ থেকে পঁয়ত্রিশ বছর পর্যন্ত চাকরি করছেন। লেকচারার হিসাবে চাকরিতে যোগদান করে প্রিন্সিপ্যাল হিসাবে একই কলেজ থেকে অবসর গ্রহণের বেশ কিছু নজির রয়েছে।

জানা যায়, সুস্পষ্ট নীতিমালা না থাকায় বদলির ব্যাপারে শিক্ষকদের মধ্যে তদ্বির, গ্রুপিং ও লবিং চলে আসছে। বিশেষ করে রাজধানীতে আসা ও রাজধানীতে টিকে থাকার ক্ষেত্রে শিক্ষকরা প্রভাব ও প্রতিপত্তির লড়াইয়ে অবতীর্ণ হচ্ছেন। অন্যদিকে যুগের পর যুগ চেষ্টা করেও ঢাকার বাইরের কলেজের অনেক শিক্ষক রাজধানীতে আসতে পারছেন না।

ব্রিটিশ আমলে প্রবর্তিত নিয়ম অনুযায়ী একজন সরকারী কলেজ শিক্ষক তিন বছরের বেশি একই কর্মস্থলে চাকরি করতে পারবেন না। শিক্ষা মন্ত্রণালয় সাধারণত ঢাকায় কর্মরত সরকারী কলেজ শিক্ষকদের পদোন্নতির পর পরই রাজধানীর বাইরে বদলি করার নিয়ম চালু করেছে। তদ্বির ও উৎকোচের জোরে এ নিয়মের প্রতি একশ্রেণীর শিক্ষক বৃদ্ধাঙ্গুলি প্রদর্শন করে আসছেন। তাঁরা পদোন্নতি পেলেও ঢাকা ছাড়তে রাজি নন। কিছু শিক্ষক আছেন যাঁরা নিয়মের প্রতি শ্রদ্ধা দেখিয়ে পদোন্নতির পর বদলি হয়ে ঢাকার বাইরে চলে যান।

জানা যায়, রাজধানীর সরকারী কলেজে বিভিন্ন পরীক্ষার ফল বেসরকারী কলেজের তুলনায় খারাপ হবার নেপথ্যে রয়েছে বদলির ব্যাপার। খোঁজ নিয়ে দেখা গেছে যেসব শিক্ষক ঢাকার বাইরে যেতে চান না তাঁরা এখানে বিভিন্ন ব্যবসা শুরু করেছেন। শ্রেণী কক্ষে এসব শিক্ষককে ঠিকমতো পাওয়া যায় না। রাজধানীর শীর্ষস্থানীয় জগন্নাথ বিশ্ববিদ্যালয় কলেজের ইংরেজী বিভাগের একজন অধ্যাপক একজন সফল (!) ট্রাক ব্যবসায়ী। সারা দিন তিনি ব্যস্ত থাকেন ট্রাক বহর, ড্রাইভার, হেলপার, ক্লিনার ও মেকানিকদের নিয়ে। একই কলেজের ইসলামের ইতিহাস বিভাগের একজন সহযোগী অধ্যাপক সারা দিন ব্যস্ত থাকেন আটা-ময়দার কারখানা নিয়ে। যুগ যুগ ধরে নিয়মনীতি উপেক্ষা করে তাঁরা রাজধানীতে শিক্ষকতা করছেন। ঢাকা কলেজের উচ্চপদস্থ একজন অধ্যাপিকা ৩৪ বছর ধরে রাজধানীতে চাকরি করেছেন।

বদরুন্নেছা কলেজের অর্থনীতি বিভাগের একজন অধ্যাপিকা রাজধানীতে রয়েছেন প্রায় ৩৫ বছর। ইডেন কলেজের ইংরেজী বিভাগের একজন অধ্যাপিকা ৩৩ বছর, ঢাকা কলেজের অর্থনীতি বিভাগের একজন অধ্যাপিকা ৩২ বছর। জগন্নাথ কলেজের বাংলা বিভাগের একজন সহযোগী অধ্যাপক ৩০ বছর, একই কলেজের অর্থনীতি বিভাগের একজন অধ্যাপক ২৩ বছর ধরে রাজধানীতে চাকরি করছেন। শিক্ষকদের খুঁটির জোর এত বেশি শক্ত যে, সরকার রদবদল হলেও তাঁদের বদলি কার্যকর হয় না।

বদলির ব্যাপারে কথা হয় বেশ কয়েকজন সরকারী কলেজ শিক্ষকের সাথে। তাঁদের অভিন্ন বক্তব্য হচ্ছে, আমরা কার্যকর ও সুস্পষ্ট বদলি সংক্রান্ত নীতিমালা চাই।